দিল্লির কংগ্রেস কার্যালয় খালি করবার নির্দেশ এস্টেট দপ্তরের

নয়াদিল্লি, ২৫ মার্চ: দিল্লিতে কংগ্রেস কার্যালয় খালি করার নির্দেশ দিল এস্টেট দপ্তর। আগামী ২৮ মার্চের মধ্যে কংগ্রেসকে দিল্লির ২৪, আকবর রোডের কার্যালয়টি খালি করার জন্য নোটিশ দিয়েছে এস্টেট দপ্তর। বুধবার সকালে এস্টেট দপ্তর সূত্রে জানা গিয়েছে, কংগ্রেসকে বরাদ্দ করা ২৪, আকবর রোডের কার্যালয়টি খালি করার জন্য নোটিশ দেওয়া হয়েছে। শুধু তাই নয়, কংগ্রেসের আরও একটি কার্যালয়, যেটা ৫ রাইসিনা রোডে অবস্থিত, সেটাও খালি করতে বলা হয়েছে। এই দুই জায়গা থেকে দীর্ঘ দিন ধরে নিজেদের সংগঠন, কাজকর্ম পরিচালনা করেছে কংগ্রেস। জানা গিয়েছে, আগামী ২৮ মার্চের (শনিবার) মধ্যে কংগ্রেসের ওই দুই দপ্তর খালি করার নির্দেশ দেওয়া হয়েছে। এই নোটিশের বিষয়টি নিশ্চিত করেছেন কংগ্রেসের এক প্রবীণ নেতা। বিষয়টি প্রকাশ্যে আসতেই বিজেপিকে আক্রমণ করেছে কংগ্রেস। দলের সাংসদ প্রমোদ তিওয়ারি বলেন, 'বিজেপি সরকার মোটেও গণতান্ত্রিক সরকার নয়। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। নোটিশটি আমাদের কাছে পৌঁছক। আলোচনার পর আমরা এ বিষয়ে ব্যবস্থা নেব।'

এক সময়ে কংগ্রেসের সদর দপ্তর ছিল যন্তর মন্তর রোডে। ১৯৭৮ সালের জানুয়ারিতে ২৪ নম্বর আকবর রোডের বাংলো থেকে কাজ শুরু করেছিলেন কংগ্রেস নেতৃত্বের একাংশ। পরে ওই ঠিকানা কংগ্রেসের সদর দপ্তর হিসাবে চিহ্নিত হয়ে যায়। যদিও এখন আর সেখানে সদর দপ্তর নেই। গত বছর জানুয়ারিতে লুটেন্স দিল্লির ৯এ কোটলা রোডে সরে গিয়েছে কংগ্রেসের সদর দপ্তর। বর্তমানে সেখানেই দলের বেশির ভাগ কাজ হয়। তবে ২৪ আকবর রোডের ঠিকানাতেও এখন কংগ্রেসের অনেক নেতানেত্রীর আনাগোনা রয়েছে। সেই ভবন খালি করার নির্দেশকে কেন্দ্র করে আবার কেন্দ্রীয় সরকারের সঙ্গে নতুন করে সংঘাতের সম্ভাবনা তৈরি হয়েছে রাজধানীতে।

গুজরাতে ইউসিসি বিল পাশ, আনন্দ প্রকাশ অমিত শাহের

নয়াদিল্লি, ২৫ মার্চ: গুজরাত বিধানসভায় ইউনিফর্ম সিভিল কোড (ইউসিসি) বিল পাশ হওয়ায় আনন্দ প্রকাশ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেন, সকল নাগরিকের জন্য এক আইন প্রণয়ন করা বিজেপির প্রতিষ্ঠালগ্নের অঙ্গীকার।

সামাজিক মাধ্যম এক্সে তিনি জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিজেপি শাসিত রাজ্য সরকারগুলি এই লক্ষ্য পূরণের পথে এগিয়ে চলেছে।

উত্তরাখণ্ডের পর দ্বিতীয় রাজ্য হিসেবে গুজরাতে ইউসিসি বিল পাশ হওয়ায় তিনি গুজরাতের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল এবং বিলের পক্ষে সমর্থনকারী সমস্ত বিধায়কদের অভিনন্দন জানান।

অমিত শাহ আরও বলেন, দেশ তুষ্টিকরণের ভিত্তিতে নয়, বরং সকলের জন্য সমান আইনের ভিত্তিতেই পরিচালিত হওয়া উচিত। এটাই বিজেপির অগ্রাধিকার ও অঙ্গীকার।

উল্লেখ্য, মঙ্গলবার গুজরাট বিধানসভায় ইউসিসি বিল নিয়ে প্রায় সাত ঘণ্টা ধরে আলোচনা হয়। আলোচনায় হালাল প্রথা, শাহ বানো মামলা, একত্রবাস সম্পর্ক ও বিবাহ নথিভুক্তিকরণ নিয়ে তীব্র বিতর্ক হয়। বিল অনুযায়ী, বিবাহের নিবন্ধন বাধ্যতামূলক করা , তালাকের ক্ষেত্রে সমান নিয়ম প্রযোজ্য এবং বহুবিবাহে কঠোর শাস্তির বিধান রাখা হয়েছে। পাশাপাশি একত্রবাস সম্পর্কের ক্ষেত্রেও তিন মাসের মধ্যে নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। প্রস্তাবিত আইনের লক্ষ্য, ধর্ম নির্বিশেষে সকল নাগরিকের জন্য বিবাহ, তালাক, উত্তরাধিকার এবং একত্রবাস সম্পর্ক সংক্রান্ত নিয়ম এক করা। বিরোধীরা বিলের উদ্দেশ্য ও প্রভাব নিয়ে প্রশ্ন তুললেও, শেষ পর্যন্ত সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে বিলটি পাশ হয়ে যায়।

রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করলেন নাগাল্যান্ড, বিহারের রাজ্যপাল ও মণিপুরের মুখ্যমন্ত্রীর

নয়াদিল্লি, ২৫ মার্চ: রাষ্ট্রপতি ভবনে বুধবার রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে পৃথকভাবে সাক্ষাৎ করলেন নাগাল্যান্ডের রাজ্যপাল নন্দকিশোর যাদব, বিহারের রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল (অবসরপ্রাপ্ত) সৈয়দ আতা হাসনাইন এবং মণিপুরের মুখ্যমন্ত্রী ইয়ুমনাম খেমচাঁদ সিং। এই সাক্ষাতের সময় রাষ্ট্রপতি প্রত্যেকের সঙ্গে সংশ্লিষ্ট রাজ্যগুলির পরিস্থিতি এবং উন্নয়নমূলক কর্মকাণ্ড নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

রাষ্ট্রপতি ভবনের অফিসিয়াল এক্স হ্যান্ডেলে এই সাক্ষাতের কথা তুলে ধরেন। পৃথক পোস্টে তিনি জানান যে, মণিপুরের মুখ্যমন্ত্রী ইয়ুমনাম খেমচাঁদ সিং, বিহারের রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল (অবসরপ্রাপ্ত) সৈয়দ আতা হাসনাইন (তাঁর পত্নী,সহ) এবং নাগাল্যান্ডের রাজ্যপাল নন্দকিশোর যাদব রাষ্ট্রপতি ভবনে তাঁর সঙ্গে দেখা করেছেন।

নাগাল্যান্ডের রাজ্যপাল যাদবের সঙ্গে বৈঠকে রাষ্ট্রপতি রাজ্যের উন্নয়নমূলক কাজ, জনসমস্যা এবং সামগ্রিক অগ্রগতি নিয়ে আলোচনা করেন। বিহারের রাজ্যপাল হাসনাইনের সঙ্গে সাক্ষাতের সময় রাষ্ট্রপতি রাজ্যের প্রশাসনিক কাজ এবং বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প নিয়ে কথা বলেন। অন্যদিকে, মণিপুরের মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকে রাজ্যের শান্তি-শৃঙ্খলা পরিস্থিতি, উন্নয়ন প্রকল্প এবং সাধারণ মানুষের স্বার্থসংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়গুলি উঠে আসে। রাষ্ট্রপতি মণিপুরের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রীকে নিজের মতামতও জানান।

এদিন রাষ্ট্রপতির পাশাপাশি নাগাল্যান্ডের রাজ্যপাল নন্দকিশোর যাদব সংসদ ভবনে উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণনের সঙ্গেও দেখা করেন। উপরাষ্ট্রপতি তাঁর এক্স পোস্টে এই সাক্ষাতের কথা জানিয়ে বলেন, বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছে।

স্থিতিশীল সোনিয়া, উদ্বেগ প্রকাশ সিদ্ধারামাইয়ার

নয়াদিল্লি, ২৫ মার্চ: স্থিতিশীল আছেন কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধি। এই মুহূর্তে তিনি রয়েছেন চিকিৎসকদের পর্যবেক্ষণে। বুধবার হাসপাতালের চেয়ারম্যান ড. অজয় স্বরূপ একটি বিবৃতি জারি করে জানিয়েছেন যে চিকিৎসকরা তাঁকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। তাঁর পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা করা হচ্ছে, যার মধ্যে পেট এবং মূত্রনালীতে সম্ভাব্য সংক্রমণের পরীক্ষাও অন্তর্ভুক্ত। চিকিৎসার অংশ হিসেবে তাঁকে অ্যান্টিবায়োটিক দেওয়া হচ্ছে। হাসপাতালের একটি বিশেষজ্ঞ দল তাঁকে পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করছে। উল্লেখ্য, মঙ্গলবার আচমকা অসুস্থ বোধ করায় সোনিয়াকে তড়িঘড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। হাসপাতালে তাঁর সঙ্গে গিয়েছিলেন পুত্র রাহুল গান্ধি এবং কন্যা প্রিয়ঙ্কা গান্ধি বঢরা। সোনিয়া গান্ধির অসুস্থতায় উদ্বেগ প্রকাশ করেছেন কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্ধারামাইয়া। তিনি বলেন, 'কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধিকে হাসপাতালে ভর্তি করা হয়েছে জানতে পেরে উদ্বিগ্ন। তাঁর দ্রুত আরোগ্য কামনা করছি। আমি নিশ্চিত যে, তিনি এই অসুস্থতা শীঘ্রই কাটিয়ে উঠবেন।'

ময়দান

এনসিসি বেবি লিগ চ্যাম্পিয়ন পল্লীশ্রী ক্রিকেট অ্যাকাডেমি

অভিষেক ডালমিয়ার ডাকে অসুস্থ বাবাকে রেখেই ফাইনালে বিসিসিআই সভাপতি মিঠুন মানহাস

কলকাতা: আইপিএল শুরু হতে এখ নও বাকি, কিন্তু তার আগেই বসন্তের কলকাতা যেন সাক্ষী থাকল এক 'মিনি আইপিএল'-এর। খুদে ক্রিকেটারদের প্রতিভার ঝলকে জমে উঠল এনসিসি বেবি লিগ ২০২৬-এর ফাইনাল, যা কার্যত নতুন দৃষ্টান্ত স্থাপন করল বাংলার জুনিয়র ক্রিকেটে। তবে দিনের সবচেয়ে বড় আকর্ষণ শুধু ম্যাচ নয়; দায়িত্ব ও আবেগের এক অনন্য দৃষ্টান্তও দেখলেন বিসিসিআই সভাপতি মিঠুন মানহাস। পারিবারিক কঠিন পরিস্থিতির মধ্যেও বোর্ড সভাপতি, অভিষেক ডালমিয়ার আমন্ত্রণ রক্ষা করতে জম্মু থেকে দিল্লি হয়ে ফ্লাইটে কলকাতা আসেন, এরপর সরাসরি মাঠে পৌঁছে যান। জানা গিয়েছে, তাঁর বাবা অসুস্থ থাকা সত্ত্বেও তিনি এই অনুষ্ঠানে যোগ দেন, যা উপস্থিত সকলের কাছেই বিশেষভাবে প্রশংসিত হয়। বুধবার বিবেকানন্দ ক্লাবে আয়োজিত ফাইনালে মুখোমুখি হয়েছিল পাটুলি ক্রিকেট অ্যাকাডেমি ও পল্লীশ্রী ক্রিকেট অ্যাকাডেমি। একপেশে লড়াইয়ে ৭৪ রানের ব্যবধানে জয় ছিনিয়ে নিয়ে চ্যাম্পিয়ন হয় পল্লীশ্রী। এই টুর্নামেন্টের মূল উদ্যোক্তা অভিষেক ডালমিয়ার উদ্যোগে অনূর্ধ্ব-১০ ক্রিকেটারদের জন্য তৈরি এই মঞ্চ ইতিমধ্যেই ক্রিকেটমহলে প্রশংসা কুড়িয়েছে।

ফাইনালে উপস্থিত থেকে খুদে ক্রিকেটারদের পারফরম্যান্স দেখে মুগ্ধ হন মিঠুন মানহাস। তিনি বলেন, 'এত অল্প বয়সে ক্রিকেটারদের এই আবেগ ও চাপ সামলানোর ক্ষমতা সত্যিই বিস্ময়কর'। এদিন মাঠে আরও উপস্থিত ছিলেন ঝুলন গোস্বামী, মনোজ তিওয়াড়ি, অনুষ্টুপ মজুমদাররা। অভিষেক ডালমিয়া জানান, 'এই টুর্নামেন্টের মূল লক্ষ্য ছিল শিশু ক্রিকেটারদের নিজেদের প্রতিভা তুলে ধরার সুযোগ করে দেওয়া। সেই লক্ষ্য যে সফল, তা ফাইনালের খেলাই প্রমাণ করেছে'। মিঠুন মানহাসের মতে, এই ধরনের উদ্যোগ বাংলার ক্রিকেটে নতুন দিশা দেখাচ্ছে। তিনি বলেন, 'এই বেবি লিগকে অবশ্যই স্মরণীয় উদ্যোগ বলতে হবে। এত ছোট-ছোট বয়সে ক্রিকেটাররা যে লড়াই করছে, চাপ নিয়ে ম্যাচ খেলছে, পুরোটাই বিস্মিত করার মতো।' সঙ্গে বোর্ড সভাপতি যোগ করেন, 'একজন খুদে ক্রিকেটারকে অল্প বয়সে যন্ত্রপাতির থেকে দূরে রাখা বাঞ্ছনীয়। তার চেয়ে তারা ক্রিকেট খেলুক। আর সেই প্রেক্ষিতে বেবি লিগের মতো মঞ্চের চেয়ে ভালো কী হতে পারে? আমি অভিষেক ডালমিয়াকে অভিনন্দন জানাচ্ছি, এ রকম এক টুর্নামেন্টের আয়োজনের জন্য। দারুণ কাজ করেছে অভিষেক'।

কেকেআরের বিরুদ্ধেই বুমরাহ

নিজস্ব প্রতিবেদন: জসপ্রীত বুমরা বর্তমানে সম্পূর্ণ সুস্থ এবং আসন্ন আইপিএল মরশুমের জন্য নিজেকে তৈরি করছেন। প্রতিযোগিতা শুরুর আগে তিনি বেঙ্গালুরুর সেন্টার ফর এক্সেলেন্সে গিয়েছিলেন। সেখানে মূলত তাঁর ফিটনেস, শক্তি বৃদ্ধি এবং শরীরের সামগ্রিক সক্ষমতা নিয়ে কাজ করা হয়েছে। আধুনিক ক্রিকেটে একজন দ্রুতগতির বোলারের জন্য শরীরের উপর চাপ সামলানো খুবই গুরুত্বপূর্ণ, তাই আগেভাগেই প্রস্তুতি নেওয়া ছিল অত্যন্ত প্রয়োজনীয়। গত কয়েক মাস ধরে আন্তর্জাতিক ও ফ্র্যাঞ্চাইজি, দুই ধরনের ক্রিকেটেই নিয়মিত অংশ নিতে হচ্ছে তাঁকে। সামনে আবার ভারতের গুরুত্বপূর্ণ সূচি রয়েছে। আইপিএলের পরেই রয়েছে আফগানিস্তানের বিরুদ্ধে টেস্ট সিরিজ এবং তারপর ইংল্যান্ডের বিরুদ্ধে সাদা বলের সিরিজ। ফলে দীর্ঘ সময় ধরে নিজেকে চোটমুক্ত ও ম্যাচ-ফিট রাখা বুমরার জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। সম্প্রতি টি-টোয়েন্টি বিশ্বকাপে তাঁর পারফরম্যান্স ছিল চোখে পড়ার মতো। এই ফরম্যাটে একজন বোলারকে চার ওভার বল করতে হলেও প্রতিটি ওভারেই সর্বোচ্চ গতি ও নিখুঁত নিয়ন্ত্রণ বজায় রাখা সহজ নয়। তবুও বুমরা তাঁর অভিজ্ঞতা ও দক্ষতার জোরে প্রতিপক্ষকে বারবার সমস্যায় ফেলেছেন। বিশেষ করে ফাইনাল ম্যাচে তিনি মাত্র পনেরো রান দিয়ে চারটি উইকেট নিয়ে দলের জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এই পারফরম্যান্সের সুবাদেই তিনি সতীর্থ বরুণ চক্রবর্তীর সঙ্গে যৌথভাবে টুর্নামেন্টের সর্বোচ্চ উইকেট সংগ্রাহকদের মধ্যে জায়গা করে নেন। এবার আইপিএলে মুম্বই ইন্ডিয়ান্সের হয়ে খেলবেন তিনি।

লিগ পর্বে প্রতিটি দলকে চৌদ্দটি ম্যাচ খেলতে হয়। এরপর যদি দল প্লে-অফে ওঠে এবং ফাইনাল পর্যন্ত পৌঁছয়, তা হলে মোট ম্যাচ সংখ্যা দাঁড়াতে পারে যোলো থেকে সতেরো। একজন দ্রুতগতির বোলারের জন্য এটি যথেষ্ট চাপের বিষয়। কারণ প্রতিটি ম্যাচেই তাঁকে নিজের সেরাটা দিতে হয়। ধরা যাক, বুমরা সব ম্যাচে না-খেললেও যদি অন্তত দশটি ম্যাচে অংশ নেন, তাতেও তাঁর শরীরের উপর যথেষ্ট চাপ পড়বে। তাই এই সময় ফিটনেসের দিকে বাড়তি নজর দেওয়া খুবই গুরুত্বপূর্ণ ছিল।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৮৩১৯১৯৭৯১

টেকনো ফ্যাব ম্যানুফ্যাকচারিং লিমিটেড (ইন লিকুইডেশন)
লিকুইডেটর -এর ঠিকানা: বজরং কুঞ্জ, রুম নং ৪১২ এবং ৪১৩, ২বি, গ্র্যান্ট লেন, ৪তম ফ্লোর, কলকাতা - ৭০০০১২
যোগাযোগ: ৯৮৩১০৮৪৭৪৫; ইমেল আইডি: cirp.techno@avipgroup.co.in

ই-অকশন বিক্রয়ের নোটিশ

এতদ্বারা ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্কাপসি কোড, ২০১৬ এবং তৎসংক্রান্ত বিধিনিয়মের অধীনে সাধারণ জনসাধারণকে জানানো যাচ্ছে যে, নীচের সারণিতে উল্লিখিত সম্পত্তিগুলি **'যেখানে যে অবস্থায় আছে', 'যা কিছু আছে'** এবং **'রিকোর্স ব্যতীত'** ভিত্তিতে কোনো প্রতিনিধিত্ব, ওয়ারেন্টি বা ক্ষতিপূরণ ছাড়াই BAANKNET অকশন প্ল্যাটফর্ম- **https://ibbi.baanknet.com** -এর মাধ্যমে ই-অকশনে বিক্রি করা হবে।

যোগ্যতা সংক্রান্ত নথি জমা দেওয়ার শেষ তারিখ	২৭.০৪.২০২৬
ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ	২৭.০৪.২০২৬
পরিদর্শনের শেষ তারিখ	০৯.০৪.২০২৬ (সকাল ১১.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত)
ই-অকশনের তারিখ	**৩০.০৪.২০২৬** তারিখ বেলা ১১.০০টা থেকে ১৩.০০ টার মধ্যে (সকাল ১১.০০টা থেকে দুপুর ১.০০টা পর্যন্ত)

লট নং	বিবরণ	সংরক্ষিত মূল্য (টাকায়)	ইএমডি (টাকায়)	অকশন তারিখে অকশনের সময়
১	জগৎবল্লভপুর থানার অন্তর্গত নিম্নলিখিত মৌজা ও দাগ নম্বর সম্বলিত মোট ৩.১০ একর পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল- (১) মৌজা- শ্যামপুর, জে.এল. নং ৩০, এল.আর. খতিয়ান নং (এলআর) ৫০০, দাগ নং ৫৯১-এর অন্তর্ভুক্ত ১.০৮ একর জমি; এবং (২-৪) মৌজা- গুমানডাঙ্গি, জে.এল. নং ৩১, এল.আর. খতিয়ান নং ৭৫১, ৯৪২/১, ১৩০৭, ১৫৭৪ এবং ৫২১, দাগ নং ১২১৯, ১৩৩৯ ও ৮৯১-এর অন্তর্ভুক্ত ২.০২ একর জমি।	১৩,৩৩,০০০/- টাকা	১,৩৩,০০০/- টাকা	বেলা ১১.০০ টা থেকে ১৩.০০ টার মধ্যে (সকাল ১১.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত)

১. সম্পত্তির বিবরণ, যেমন দাগ নম্বর ইত্যাদি **অকশন সাইটে থাকা প্রসেস মেমোরেন্ডাম** থেকে দেখা যেতে পারে। আগ্রহী আবেদনকারী অনলাইন ই-অকশনের শর্তাবলী, ই-অকশন বিড ফর্ম, যোগ্যতা, মানদণ্ড, বিডকারীর ঘোষণা, ইএমডি প্রয়োজনীয়তা ইত্যাদি সম্বলিত প্রসেস মেমোরেন্ডামটি সার্ভিস প্রোভাইডারের কাছে ২৭ মার্চ ২০২৬ সকাল ১১.০০ টা থেকে ২৬ এপ্রিল ২০২৬ বিকাল ৫.০০ টা পর্যন্ত ই-অকশন প্ল্যাটফর্ম ওয়েব পোর্টাল **https://ibbi.baanknet.com** অথবা ইমেল **cirp.techno@avipgroup.co.in** -এ লেখার মাধ্যমে পেতে পারেন।
২. লিকুইডেটর যেকোনো সময় ই-অকশনের যেকোনো শর্তাবলী গ্রহণ বা বাতিল বা বর্ধিত বা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন। কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোনো বিড বাতিল করার অধিকার তাঁর রয়েছে।
৩. সম্ভাব্য বিডকারীকে এই মর্মে একটি অঙ্গীকারনামা দিতে হবে যে, তিনি ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্কাপসি কোড -এর ২৯এ ধারা অনুযায়ী কোনো অযোগ্যতার সম্মুখীন নন।
৪. অনুগ্রহ করে নোট করুন যে, ইএমডি অবশ্যই BAANKNET পোর্টালে ই-ওয়ালেটে তহবিল যোগ করে এবং সংশ্লিষ্ট অকশনের জন্য 'পার্টিসিপেট' লিঙ্কে ক্লিক করে জমা দিতে হবে। যোগ্য বিডকারীদের নাম লিকুইডেটর দ্বারা চিহ্নিত করা হবে এবং www.baanknet.com পোর্টালে অনলাইন ই-অকশনে অংশ নেওয়ার জন্য জানানো হবে। আগ্রহী বিডকারীকে অকশন সাইটে নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরি করতে হবে।
৫. সম্ভাব্য বিডকারীরা BAANKNET অকশন প্ল্যাটফর্ম **https://ibbi.baanknet.com** -এর মাধ্যমে ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্কাপসি কোড -এর ২৯এ ধারার অধীনে যোগ্যতার অঙ্গীকারনামা সহ প্রয়োজনীয় নথি জমা দেবেন।
৬. সম্ভাব্য বিডকারীরা BAANKNET অকশন প্ল্যাটফর্ম **https://ibbi.baanknet.com** -এর মাধ্যমে ইএমডি জমা দেবেন।
৭. উপরে উল্লিখিত ৩ নম্বর ক্লজে বর্ণিত অঙ্গীকারনামায় উল্লেখ থাকতে হবে যে, সম্ভাব্য বিডকারী কোড-এর ২৯এ ধারা অনুযায়ী কোনো অযোগ্যতার সম্মুখীন নন। সম্ভাব্য বিডকারীরা লক্ষ্য করতে পারেন যে, কোনো পর্যায়ে অযোগ্য প্রমাণিত হলে ২৮শে মার্চ ২০২৫ তারিখের আইবিবিআই সার্কুলার নং- IBBI/LIQ/84/2025 অনুযায়ী ইএমডি বাজেয়াপ্ত করা হবে।

কমলেশ কুমার সিংহানিয়া
টেকনো ফ্যাব ম্যানুফ্যাকচারিং লিমিটেড (ইনলিকুইডেশন)-এর লিকুইডেটর
স্থান: কলকাতা — আইবিবিআই রেজিস্ট্রেশন নং: IBBI/IPA-002/IP-N00023/2016-17/10050
তারিখ: ২৫.০৩.২০২৬ — এএফএ ৩০.০৬.২০২৭ পর্যন্ত বৈধ | cirp.techno@avipgroup.co.in (প্রক্রিয়া সংক্রান্ত)

ফর্ম এ
সাধারণ ঘোষণা
(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া
(ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সেনস) রেগুলেশনসের রেগুলেশন ৬ অধীনে)
কর্পোরেট ডেটর মেসার্স প্রাইম মুভারস অটো অ্যাসোসিয়েটস প্রাইভেট লিমিটেড- CP(IB) No. 221/KB/2025 (Admitted) এর বিনিয়োগকারীগণের অবগতির জন্য

	সংশ্লিষ্ট বিস্তারিত	
১.	কর্পোরেট ডেটরের নাম	প্রাইম মুভারস অটো অ্যাসোসিয়েটস প্রাইভেট লিমিটেড
২.	কর্পোরেট ডেটরের গঠনের তারিখ	২৫ জুন ১৯৮৬
৩.	যে কর্তৃপক্ষের অধীনে কর্পোরেট ডেটর গঠিত/নথিভুক্ত	রেজিস্ট্রার অফ কোম্পানিজ-কলকাতা
৪.	কর্পোরেট ডেটরের কর্পোরেট আইডেন্টিটি নং/ লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নং	U34201WB1986PTC040860
৫.	কর্পোরেট ডেটরের রেজিস্টার্ড অফিস এবং প্রধান অফিস (যদি কিছু থাকে) ঠিকানা	রেজিস্টার্ড অফিস ৫ সুতারকিন স্ট্রিট ২য় তল, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত ৭০০০৭২
৬.	কর্পোরেট ডেটরের ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া শুরুর তারিখ	নির্দেশের তারিখ : ১৯.০৩.২০২৬ (এনসিএলটি-র ওয়েবসাইটে ২৪.০৩.২০২৬ তারিখে অর্ডার আপলোড করা হয়েছে)
৭.	ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া সমাপ্তির আনুমানিক তারিখ	২০.০৯.২০২৬ কর্পোরেট ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া শুরুর তারিখ থেকে ১৮০ দিন
৮.	সাময়িক প্রস্তাব পেশাদার হিসেবে কার্যরত ইনসলভেন্সি পেশাদারের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	শ্রী অনুপ কুমার সিং IBBI/IPA-001/IP-P00153/2017-2018/10322 এএফএ বৈধ ৩০.০৬.২০২৭ পর্যন্ত
৯.	বোর্ডের নিকট রেজিস্ট্রিকৃত সাময়িক প্রস্তাব পেশাদারের ঠিকানা এবং ইমেল	ঠিকানা : ৫ম তল, ফ্ল্যাট ৪এ, বিদ্যারাজ নিকেতে, ২২/২৮এ মনোহর পুকুর রোড, দেশপ্রিয় পার্কের নিকট, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০২৯ ইমেল : anup_singh@stellarinsolvency.com
১০.	সাময়িক প্রস্তাব পেশাদারের সহিত যোগাযোগের জন্য ঠিকানা এবং ইমেল	ঠিকানা : স্টেলার ইনসলভেন্সি প্রফেশনালস এলএলপি স্যুট ১বি, ২য় তল, ২২/২৮এ, মনোহরপুকুর রোড, দেশপ্রিয় পার্ক, কলকাতা - ৭০০০২৯ ইমেল : primemovers.sipl@gmail.com
১১.	দাবি দাখিলের শেষ তারিখ	০৭.০৪.২০২৬
১২.	বিনিয়োগকারীগণের শ্রেণি, যদি কিছু থাকে, সংশ্লিষ্ট আইনের ২১ ধারার উপধারা (৬এ) এর (বি) পরিমেল অধীনে অন্তর্বর্তীকালীন প্রস্তাবক পেশাদার কর্তৃক নির্ধারিত	আইআরপি প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রযোজ্য নয়
১৩.	সংশ্লিষ্ট শ্রেণিতে বিনিয়োগকারীগণের অনুমোদিত প্রতিনিধি হিসেবে কার্যরত ইনসলভেন্সি পেশাদারগণের চিহ্নিতকরণের নাম (প্রতিটি শ্রেণিতে তিনটি নাম)	আইআরপি প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রযোজ্য নয়
১৪	(ক) সম্পর্কিত ফর্মগুলি এবং (খ) প্রাপ্ত অনুমোদিত প্রতিনিধিগণের বিস্তারিত	ক) Web link: https://www.ibbi.gov.in/home/downloads ঠিকানা : স্টেলার ইনসলভেন্সি প্রফেশনালস এলএলপি স্যুট ১বি, ২য় তল, ২২/২৮এ, মনোহরপুকুর রোড, দেশপ্রিয় পার্ক, কলকাতা - ৭০০০২৯ ইমেল : primemovers.sipl@gmail.com খ) প্রযোজ্য নয়

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চ নির্দেশ দিয়েছে মেসার্স প্রাইম মুভারস অটো অ্যাসোসিয়েটস প্রাইভেট লিমিটেড-এর কর্পোরেট ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া শুরু করার ১৯.০৩.২০২৬ তারিখে, যাইহোক অর্ডার এনসিএলটি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে ২৪.০৩.২০২৬ তারিখে।
মেসার্স প্রাইম মুভারস অটো অ্যাসোসিয়েটস প্রাইভেট লিমিটেড (কর্পোরেট ডেটর)-এর বিনিয়োগকারীগণকে প্রামাণ্য নথি সহ তাদের দাবি ০৭.০৪.২০২৬ তারিখে বা তার আগে অন্তর্বতীকালীন প্রস্তাবক পেশাদারগণের নিকট ক্রম নং ১০-এ উল্লিখিত ঠিকানায় পেশ করতে।
আর্থিক বিনিয়োগকারীগণ প্রামাণ্য নথি সহ কেবল বৈদ্যুতিন মাধ্যমেই তাদের দাবি দাখিল করতে পারবেন। অন্যান্য বিনিয়োগকারীগণ তাদের দাবি প্রামাণ্য নথি সহ ব্যক্তিগতভাবে বা ডাকযোগে বা বৈদ্যুতিন মাধ্যমে দাখিল করতে পারেন।
কোনও আর্থিক বিনিয়োগকারী শ্রেণি এ ভুক্ত হলে যা তালিকায় ক্রম নং ১২ অনুযায়ী, তিনি তালিকাভুক্ত ক্রম নং ১৩ উল্লিখিত দেউলিয়া পেশাদারদের মধ্যে একজনকে পছন্দ করবেন যিনি অনুমোদিত প্রতিনিধি হিসেবে সংশ্লিষ্ট শ্রেণিতে- ফর্ম সিএ-আইআরপি তে উপলব্ধ তথ্য মতে প্রযোজ্য নয়।
মিথ্যা অথবা বিভ্রান্তকারী প্রমাণ সহ দাবি দাখিলের ক্ষেত্রে জরিমানা হতে পারে।

স্বা/-
শ্রী অনুপ কুমার সিং
অন্তর্বর্তীকালীন প্রস্তাব পেশাদার
IBBI/IPA-001/IP-P00153/2017-2018/10322
তারিখ এবং স্থান : ২৬ মার্চ, ২০২৬, কলকাতা — এএফএ বৈধ ৩০.০৬.২০২৭ পর্যন্ত

ফর্ম নং ইউআরসি-২
অধ্যায় ২১ এর অংশ ১ অধীনে নথিভুক্তি সম্পর্কিত নোটিশ এর বিজ্ঞাপন
(২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ৩৭৪(বি) এবং ২০১৪ সালের কোম্পানি (অথরাইজড টু রেজিস্টার) রুলসের রুল ৪(১) অনুযায়ী)

১. এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩-এর ৩৬৬ ধারার উপধারা (২)-এর অনুসরণে, পনের দিন পর কিন্তু অতঃপর ত্রিশ দিন অতিক্রান্ত হওয়ার পূর্বে কলকাতার রেজিস্ট্রারের কাছে একটি আবেদন করার প্রস্তাব করা হচ্ছে, যাতে মেসার্স গুজরাল কর্পোরেট সার্ভিসেস-কে কোম্পানি আইন, ২০১৩-এর একবিংশ অধ্যায়ের প্রথম ভাগের অধীনে শেয়ার দ্বারা সীমিত একটি কোম্পানি হিসাবে নিবন্ধিত করা হয়।
২. কোম্পানির প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :
ব্যক্তি, পর্যটক, কর্পোরেট ক্লায়েন্ট এবং অন্যান্য গ্রাহকদের জন্য এয়ারপোর্ট ট্রান্সফার, ট্যুর, ইভেন্ট, কনফারেন্স, ব্যবসায়িক ভ্রমণ এবং অন্যান্য পরিবহন উদ্দেশ্যে, স্বল্প বা দীর্ঘমেয়াদী ভিত্তিতে, সরাসরি অথবা যানবাহনের মালিক, অপারেটর বা ফ্লিট পরিষেবা প্রদানকারীদের সাথে চুক্তির মাধ্যমে, চালকসহ গাড়ি, বাণিজ্যিক গাড়ি, বিলাসবহুল গাড়ি, ইভি যানবাহন, ব্যক্তিগত গাড়ি, বাস, কোচ, ভ্যান এবং অন্যান্য পরিবহন যানবাহনসহ মোটরযান ভাড়া, লিজ এবং লিজ দেওয়ার ব্যবসা পরিচালনা করা।
৩. প্রস্তাবিত কোম্পানির মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশন এবং আর্টিকেলস অফ অ্যাসোসিয়েশনের খসড়ার একটি অনুলিপি রুম নং ৩০৪, ৪র্থ তল, ২৫এ পার্ক স্ট্রিট, কলকাতা ৭০০০১৬ ঠিকানায় অবস্থিত অফিসে পরিদর্শন করা যেতে পারে।
৪. এতদ্বারা জানানো যাচ্ছে যে, এই আবেদনের বিষয়ে আপত্তি আছে এমন কোনো ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে একুশ দিনের মধ্যে লিখিতভাবে তাদের আপত্তি আরওসি সিআরসি, আইআইসিএ, মানেসার, প্লট নং ৬, ৭ ও ৮, সেক্টর-৫, আইএমটি মানেসার, গুড়গাঁও (হরিয়ানা), পিন কোড-১২২০৫০-তে জানাতে পারবেন এবং এর একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত অফিসে পাঠাতে পারবেন।

আবেদনকারীর নাম(সমূহ)
মেসার্স গুজরাল কর্পোরেট সার্ভিসেস-এর পক্ষে
স্বা/-
মনমোহন সিং গুজরাল
জাসকিরথ সিং গুজরাল
তারিখ ২৬/০৩/২০২৬

ফর্ম নং ৩
[দ্রষ্টব্য রেগুলেশন ১৩(১)(এ)]
ডেটস রিকভারি ট্রাইব্যুনাল শিলিগুড়ি
৩য় তল, পিসিএম টাওয়ার, সেকেন্ড মাইল সেবক রোড, শিলিগুড়ি - ৭৩৪০০১, পশ্চিমবঙ্গ

কেস নং : ওএ/১৫১/২০২৫
উক্ত আইনের ধারা ১৯-এর উপধারা (৪) এবং তৎসহ পঠিত ১৯৯৩ সালের ডেটস রিকভারি ট্রাইব্যুনাল (প্রসিডিউর) রুলসের রুল ৫ এর সাব-রুল (২এ) অধীনে সমন
এক্স. নং : ৩৩৩২
ইন্ডিয়ান ব্যাঙ্ক
বনাম
হাসান হার্ডওয়্যার হোসেন
প্রতি
(১) মহ. লোকমান হোসেন, স্বত্বা মেসার্স হাসান হার্ডওয়্যার, পিতা আবদুল করিম, ঠিকানা আচরা উত্তর পাড়া, পো - অমরকুন্ড, থানা নবগ্রাম, পিন - ৭৪২১৩৬, জেলা - মুর্শিদাবাদ।
(২) শ্রী হাফিজুর রহমান, পিতা নূর মহম্মদ, ঠিকানা - সাহানা পাড়া পঞ্চগ্রাম, নবগ্রাম, জেলা - মুর্শিদাবাদ, পিন - ৭৪২১৮৪।
সমন
যেহেতু, **ওএ/১৫১/২০২৫, ০৯.১২.২০২৫** তারিখে মাননীয় প্রিসাইডিং অফিসার/ রেজিস্ট্রার-এর নিকট তালিকাভুক্ত করা হয়েছিল।
যেহেতু মাননীয় ট্রাইব্যুনাল আইনের ধারা ১৯(৪) এর অধীনে উক্ত আবেদনের উপর সমন/নোটিস জারি করছেন, (ওএ) আপনাদের বিরুদ্ধে **৪৪,৫৯,৮১৪.০০ টাকা** (নথিপত্রের অনুলিপি সহ আবেদনপত্র সংযুক্ত করা হয়েছে) ঋণ পুনরুদ্ধারের জন্য দায়ের করা হয়েছে।
আইনের ১৯ ধারার উপ-ধারা (৪) অনুসারে, আপনাদের, বিবাদীগণকে নিম্নরূপ নির্দেশ দেওয়া হয়েছে :-
(ক) সমন জারির ত্রিশ দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য কেন আবেদন মঞ্জুর করা হবে না;
(খ) মূল আবেদনের ক্রম ৩এ-তে উল্লিখিত নির্ধারিত সম্পত্তি সমূহ এবং সম্পদ ব্যতীত অন্যান্য সম্পত্তিসমূহ বা সম্পদের বিস্তারিত জানান।
(গ) আপনাদের সংশ্লিষ্ট জামিনদত্ত সম্পদ এবং অন্যান্য সম্পদ এবং সংশ্লিষ্ট সম্পত্তিসমূহ যা ক্রম নং ৩এ তে উল্লিখিত মূল দরখাস্তে, শুনানি স্থগিত আছে এবং সংশ্লিষ্ট সম্পত্তি বিক্রির বিষয়টি আবেদন সংযুক্ত হিসেবে স্থগিত আছে,
(ঘ) আপনারা কোনওভাবেই বিক্রয়, ইজারা বা অন্যভাবে সাধারণ ব্যবসায়িক কাজকর্ম ব্যতীত সংশ্লিষ্ট সম্পদ যা জামিনদত্ত এবং/বা অন্যান্য সম্পদ এবং সম্পত্তি ক্রম ৩এ তে উল্লিখিত মূল ট্রাইব্যুনালের নিকট পূর্ব অনুমতি ব্যতীত সম্পাদন করা থেকে বিরত থাকবেন।
(ঙ) আপনারা সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে বিক্রয় মাধ্যমে যেমন জামিনদত্ত সম্পত্তি এবং অন্যান্য সম্পদ এবং সম্পত্তি সমূহ সাধারণ ব্যবসায়িক কাজকর্ম ব্যতীত এবং আমানত যেমন বিক্রয় প্রক্রিয়াধীন সংশ্লিষ্ট আদায়ের ক্ষেত্রে হিসেব রক্ষণাবেক্ষণ ব্যাঙ্কের সহিত অথবা আর্থিক প্রতিষ্ঠানের সহিত জামিনদত্ত সম্পদের বিষয়ে।
আবেদনকারীকে দেওয়া একটি অনুলিপি সহ লিখিত বিবৃতি দাখিল করতে এবং **৩০.০৩.২০২৬** তারিখে **সকাল ১০.৩০টায় রেজিস্ট্রারের** কাছে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। ব্যর্থ হলে আপনার অনুপস্থিতিতে আবেদনের শুনানি ও সিদ্ধান্ত গৃহীত হবে।
স্বহস্তে ট্রাইব্যুনালের সিলমোহর প্রদত্ত তারিখ : ২৬.০২.২০২৬।
স্বা/- অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার
ডেটস রিকভারি ট্রাইব্যুনাল
শিলিগুড়ি

দক্ষিণ পূর্ব রেলওয়ে – টেন্ডার
ভারতের রাষ্ট্রপতির জন্যে ও তরফে, ডেপুটি চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (ক্যারেজ ওয়ার্কস), খড়গপুর ওয়ার্কশপ, খড়গপুর নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন: **ই-টেন্ডার নোটিশ নং.: রিফার্বিশিং আইসিএফ২৫০-১; কাজের নাম:** রেলওয়ে কোচ রিফার্বিশিং। (পিওএইচ চলাকালীন আইসিএফ কোচের ক্ষয়ক্ষতি মেরামত, পিভিসি স্ট্রিপিং ও বিছানো সহ ফার্নিশিং কার্যক্রম, পিওএইচ চলাকালীন কোচের দরজা স্ট্রিপ, মেরামত ও ফিটমেন্ট, বাফার অ্যাসেম্বলি খুলে পরিবহন (অর্থাৎ মনোনীত কোচ থেকে সংশ্লিষ্ট শপে এবং শপ থেকে মনোনীত কোচে আনা-নেওয়া, খোলার পরে এবং রেলওয়ে কর্তৃক ওভারহলিং কাজ সম্পন্ন হওয়ার পরে) এবং আইসিএফ কোচে স্ক্রু কাপলিংসহ ড্র গিয়ার বিন্যাস স্ট্রিপিং, বিচ্ছিন্ন করা ও পরিবহন এবং সংযুক্ত বিস্তারিত কার্যপরিধি ও চুক্তির বিশেষ শর্ত অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে হস্তান্তর); **কাজের স্থান:** খড়গপুর ওয়ার্কশপ, দক্ষিণ পূর্ব রেলওয়ে, পোস্ট- খড়গপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১৩০১; **পরিমাণ:** ২৫০টি আইসিএফ কোচ; **টেন্ডার মূল্য:** ₹ ২,০২,৪৭,০২৫.৫০; **বায়না মূল্য:** ₹ ৪,০৪,৯০০.০০; **চুক্তির মেয়াদ:** এলওএ জারির তারিখ থেকে ১২ মাস; **টেন্ডার বন্ধের তারিখ ও সময়:** ১৫.০৪.২০২৬ তারিখ ১৫:০০ টায়; **টেন্ডার নথির মূল্য:** শূন্য; **বিডিং পদ্ধতি:** সিঙ্গেল প্যাকেট সিস্টেম; **চুক্তির ধরন:** ওয়ার্কস-জেনারেল; **টেন্ডারের ধরন:** ওপেন; বিস্তারিত টেন্ডার নোটিশ ও টেন্ডার নথি ই-পোর্টাল ওয়েবসাইটে পাওয়া যাবে: **https://www.ireps.gov.in**
(PR-1347)

বৈঁক আঁফ ইংডিয়া Bank of India BOI *Relationship beyond banking*
বর্ধমান জোনাল অফিস
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২, ফোন নং - ৭৪৭৯০০৭৩৫৬
ই-নিলাম বিক্রয় নোটিশ (স্থাবর /অস্থাবর সম্পত্তির জন্য)

পরিশিষ্ট II-A [দ্রষ্টব্য রুল ৬(২)]
অস্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৬(২) সংস্থান অধীনে অস্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ)এর প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট নিম্নোক্ত বন্ধকদত্ত/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, পুরুলিয়া শাখা জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার কর্তৃক কার্যকরী দখলীকৃত **"যেখানে যে অবস্থায় আছে", "যেখানে যা আছে" এবং "যেখানে যেমন আছে"** ভিত্তিতে বিক্রি করা হবে **২৮.০৪.২০২৬ তারিখ** ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, কর্তৃক নিম্নে উল্লিখিত ঋণগ্রহীতা এবং জামিনদাতার কাছ থেকে বকেয়া আদায়ের জন্য।
সংরক্ষিত মূল্য এবং বায়না জমা নিম্নে উল্লিখিত।

ক্রম নং	ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণের নাম ও ঠিকানা, শাখার নাম সহ	সম্পত্তির বিস্তারিত	ক. নির্ধারিত ঋণ/বকেয়া পরিমাণ (টাকা)	১. সংরক্ষিত মূল্য ২. বায়না জমা (ইএমডি) ৩. ডাক বাড়ানোর পরিমাণ
১	**বামকান্ডাইপুর শাখা** অ্যাকাউন্ট নাম : **শ্রী স্বপন কুমার মল্লিক** **ঋণগ্রহীতার নাম : শ্রী স্বপন কুমার মল্লিক।**	ভেহিকেল ধরন - **মোটর কার,** চেসিস নং **MA3CZFB3SRB866782**, ইঞ্জিন নং -**K12NN1058283**, রেজি.নং : **WB 42BG6321**। ভেহিকেল লোন অ্যাকাউন্ট **বামকান্ডাইপুর শাখায় উল্লেখ্য এ/সি নং -৪২৯৮৬০৫১০০০০৩৩৫**	**ক) ৬,৩৭,০০০.০০ টাকা এবং ইউসিআই এবং অন্যান্য শুল্ক সহ**	**১) ৫,৩৮,০০০.০০ টাকা, ২) ৫৩,৮০০.০০ টাকা ৩) ১০,০০০.০০ টাকা।**

নিয়ম ও শর্তাবলী :
(১) নিলাম বিক্রয়/ডাক কেবল "অনলাইন ইলেকট্রনিক বিডিং" প্রক্রিয়ার মধ্য দিয়ে ওয়েবসাইট **https://BAANKNET.com** -এর মাধ্যমে হবে।
(২) **সমস্ত সম্পত্তির ক্ষেত্রে নিলামের তারিখ ও সময় ২৮.০৪.২০২৬ সকাল ১০.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত,** যার অসীমিত সম্প্রসারণ হবে প্রতি ৫ মিনিটের, অর্থাৎ প্রথম পর্বে নিলাম প্রক্রিয়া চলবে ১৮০ মিনিট এবং যদি শেষ ৫ মিনিটে একটি বৈধ ডাক পাওয়া যায়, নিলাম আরও ৫ মিনিটের জন্য প্রসারিত হবে। এই প্রক্রিয়া চলতেই থাকবে যতক্ষণ শেষ ৫ মিনিটে কোনও বৈধ ডাক না থাকে। উপরোক্তমতো সংরক্ষিত মূল্যে নিলাম শুরু হবে। আগ্রহী পার্টিরা সম্পত্তিগুলি **২৭.০৪.২০২৬ বিকেল ৪টে পর্যন্ত** দেখতে পারেন।
(৩) আগ্রহী ডাকদাতারা পোর্টাল https://BAANKNET.com -এ তাঁদের নাম রেজিস্ট্রি করতে পারেন ও ইউজার আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন। সম্ভাব্য ডাকদাতারা উপরের ইঅকশন দেখুন কীভাবে অকশনের জন্য রেজিস্টার করবেন, অকশনের মোড এবং অন্যান্য প্রসেসের জন্য, এবং অন্যান্য প্রক্রিয়াগুলি উপরে উল্লিখিত লিংক অনুসারে হবে। সম্ভাব্য ডাকদাতারা যে কোনও জিজ্ঞাস্যর জন্য যোগাযোগ করতে পারেন ০৩৩-২২১০-৭৪৪৮ নম্বরে, অমিত কুমার সিং (+৯১৯০০৬০৮২০৪৫) অথবা পঙ্কজ সিং (+৯১ ৮০৫১৮ ০২৭৭৭) -এর সঙ্গে।
(৪) উপরোক্ত সম্পত্তি/পরিসম্পৎ "যেখানে যে-অবস্থায় আছে ভিত্তিতে", "যেখানে যাহাই আছে ভিত্তিতে" এবং "কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত ভিত্তিতে" বিক্রি হবে। আগ্রহী বিডারদের নিজের মত অকশনে দেওয়া সম্পত্তি জড়িত কোন দায়, সম্পত্তির মালিকানা এবং দাবি/অধিকার/বকেয়া যা ওই সম্পত্তিকে বিশেষভাবে প্রভাব ফেলে সে সব সংশ্লিষ্ট ব্যাপারে নিজেদেরকে অনুসন্ধান করতে হবে এমনি বাস্তবিক দখল নেওয়ার সময়। অনুমোদিত আধিকারিক/সুরক্ষিত ক্রেডিটর কোনওভাবেই দায়ী হবেন না কোনও তৃতীয় পক্ষের দাবি/অধিকার/বকেয়া ক্ষেত্রে।
(৫) উপরোক্ত তফসিলে বর্ণিত হয়েছে প্রাপ্ত সেরা তথ্য এবং এই পাবলিক নোটিসে কোনও ভ্রান্তি, ভুল বিবরণ বা কিছু বাদ গেলে অনুমোদিত অফিসার/ব্যাঙ্ক অনুমোদিত অফিসার এবং/বা ব্যাঙ্ক জবাবদিহির যোগ্য হবেন না।
(৬) উপরোক্ত সম্পত্তিগুলি উপরে বর্ণিত সংরক্ষিত মূল্যের নীচে বিক্রি হবে না। আগ্রহী ডাকদাতাদের উপরে বর্ণিত বায়নার টাকা (ইএমডি) **মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রা. লি. দ্বারা BAANKNET** পোর্টালের উপর প্রোভাইড ওয়ালেটে জমা দিতে হবে। ওয়ালেটে ইএমডি জমা করার প্রক্রিয়ার বিশদ বিবরণ উপরে উল্লেখিত লিঙ্কে পাওয়া যাবে।
(৭) আগ্রহী ডাকদাতাদের উক্ত পোর্টালে রেজিস্টার করতে হবে অকশনের আগেই এবং বিবরণ দাখিল করতে হবে **২৮.০৪.২০২৬** তারিখে বা তার পূর্বে।
(৮) সর্বোচ্চ/সফল দরদাতাকে বিক্রয় মূল্যের ২৫ শতাংশ জমা দিতে হবে যার মধ্যে ইতিমধ্যেই পরিশোধ করা ইএমডি বিক্রয়ের ক্ষেত্রে অনুমোদিত অফিসার কর্তৃক দর মূল্য গ্রহণের পরের দিনের মধ্যে জমা দিতে হবে, এতে ব্যর্থ হলে ইএমডি বাজেয়াপ্ত করা হবে। সর্বোচ্চ দরদাতাকে এখানে উল্লিখিত সম্পত্তির সফল দরদাতা/ক্রেতা হিসাবে ঘোষণা করা হবে যদি তিনি সর্বদা বিড করার জন্য বৈধভাবে যোগ্য হন।
(৯) দর /ক্রয়ের অর্থের অবশিষ্ট ৭৫ শতাংশ বিক্রয়ের **১৫তম দিনে** বা তার আগে প্রদেয় হবে অনুমোদিত অফিসার কর্তৃক বিক্রয় নিশ্চিতকরণের (ব্যাংকিং চলাকালীন সময়ে) অথবা শুধুমাত্র বিবেচনার ভিত্তিতে লিখিতভাবে সম্মত হওয়া বর্ধিত সময়ের জন্য। সফল দরদাতা কর্তৃক অর্থপ্রদানে ব্যর্থতার ক্ষেত্রে দরদাতার ইতিমধ্যে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং অনুমোদিত কর্মকর্তা/ব্যাঙ্ক নিলাম বাতিল করতে এবং নতুন নিলাম পরিচালনা করতে পারেন।
(১০) সম্পূর্ণ বিক্রয় বিবেচনা প্রাপ্তির পর, অনুমোদিত অফিসার দরদাতার নামে বিক্রয় শংসাপত্র জারি করবেন এবং তারপরে বিক্রয় সম্পূর্ণ বলে বিবেচিত হবে এবং ব্যাঙ্ক কোনও দাবি গ্রহণ করবে না।
(১১) অনুমোদিত অফিসার সর্বোচ্চ ডাক বা যে কোনও বা সমস্ত ডাক গ্রাহ্য করতে বাধ্য নন এবং কোনও কারণ না দেখিয়ে যেকোনও বা সমস্ত ডাক গ্রাহ্য বা অগ্রাহ্য করতে পারেন এবং নিজের নিরঙ্কুশ সিদ্ধান্তে বিক্রির যেকোনও শর্তে তারতম্য সংশোধন বা সরিয়ে দিতে পারেন।
(১২) সফল ডাকদাতা/ক্রেতা কনভেয়েন্স ডিড, কর, সার্ভিস ট্যাক্স/টিডিএস সহ (৫০ লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যে সম্পত্তির জন্য ১৯৪ আইএ ধারা অনুযায়ী) যদি থাকে প্রদেয় চার্জ/ফি বহন করতে হবে।
(১৩) এই প্রকাশনাটি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট), বিধি ২০০২ -এর বিধি ৮(৬) এর অধীনে উপরোক্ত ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণের জন্য তিরিশ (৩০) দিনের নোটিশ।

তারিখ: ২৫.০৩.২০২৬ — **অনুমোদিত অফিসার**
স্থান: দুর্গাপুর — **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**